

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৮২

শান্তিরবাজার, ২৯ ডিসেম্বর, ২০২৩

**প্রতি ঘরে সুশাসন ২.০**  
**সালথাঃ মনু এডিসি ভিলেজে বিকাশ শিবির**

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি বকাফা রাকের সালথাঃ মনু এডিসি ভিলেজ কার্যালয় প্রাঙ্গনে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে এমডিসি সঞ্চীব রিয়াং, বকাফা রাকের বিডিও অমৃতা মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন। বিকাশ শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। এই স্টলগুলি থেকে ভিলেজবাসীদের বিভিন্ন প্রকল্পের সুবিধা দেওয়া হয়। এছাড়া ৫০টি পিআরআরটিসি, ৪৫টি এসটি, ৫টি ইনকাম এবং ১১টি ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। বন দপ্তর থেকে জনসাধারণের মধ্যে বিভিন্ন জাতের গাছের চারা বন্টন করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে রোগীদের চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।

\*\*\*\*\*